

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৩ অক্টোবর, ২০২২ ১৪:৫৫

কক্সবাজারে বিশ্ব বসতি দিবস পালিত | কক্সবাজার প্রতিনিধি



বিশ্ব বসতি দিবস উপলক্ষে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে এক র্যালির আয়োজন করা হয়। আজ সোমবার সকালে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ অফিস থেকে বের হয়ে র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উন্নয়ন কর্তৃপক্ষের অফিসে এসে শেষ হয়।

পরে উন্নয়ন কর্তৃপক্ষের মিলনায়তনে বৈষম্য হ্রাসের অঙ্গীকার করি সবার জন্য টেকসই নগর গড়ি এই প্রতিপাদ্য নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান কমোডর অব নুরুল আবছারের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে বক্তব্য রাখেন আশেক উল্লাহ রফিক এমপি আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক এড সিরাজুল মোস্তফা কক্সবাজার প্রেস ক্লাবের সভাপতি আবু তাহের প্রমুখ।

বিডি প্রতিদিন/এএ